

বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।
হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-৩

গোপনীয়

নং-প্রকাঃ এইচআরএমডিঃ৩ঃ১ঃ৩২৬৪(২০১৪-২০১৫) / ২০১৭-১৮

তারিখঃ ২৮-০৬-২০১৮ ইং

কর্মী সংক্রান্ত ঘোষণা

যেহেতু আপনি জনাব মোঃ আঃ রাজ্জাক, কর্মকর্তা, বিকেবি, তাড়াইল শাখা, কিশোরগঞ্জ, ইতিপূর্বে ময়মনসিংহ(উঃ) অঞ্চলীয় বিকেবি, মাইজবাগ বাজার শাখায় পরিদর্শক হিসেবে দায়িত্ব পালনকালে সংঘটিত অনিয়মের দায়ে আপনার বিরুদ্ধে বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর অধীনে শৃঙ্খলা সম্পর্কিত ৩৮ (ক), (খ), (ঘ) ও (ঙ) প্রবিধি মোতাবেক যথাক্রমে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, অদক্ষতা ও দুর্নীতিমূলক অপরাধের জন্য ৪১/১৪-১৫ নং বিভাগীয় শৃঙ্খলাজনিত মামলা রঞ্জু করিয়া অত্র বিভাগের ১৭.১১.২০১৫ ইং তারিখের প্রকাঃ এইচআরএমডিঃ৩ঃ১ঃ৩২৬৪/ ২০১৪-২০১৫/ ১১৯৮ নম্বর স্মারক মূলে অভিযোগনাম জারী করা হইয়াছিল। আপনি উহার জবাব দাখিল করিয়াছিলেন এবং কর্তৃপক্ষ উক্ত মামলায় তদন্তবোর্ড নিয়োগ করিয়াছিলেন;

০২। যেহেতু তদন্তবোর্ড উক্ত বিভাগীয় মামলা প্রবিধান মোতাবেক তদন্তাত্ত্বে কর্তৃপক্ষের নিকট প্রতিবেদন পেশ করিয়াছিলেন;

০৩। যেহেতু কর্তৃপক্ষ আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ, আপনার জবাব, তদন্তবোর্ডের দাখিলকত তদন্ত প্রতিবেদন ও আনুষংগিক বিষয়াদি বিচার-বিশ্লেষণ করিয়া আপনি জনাব মোঃ আঃ রাজ্জাক আপনাকে আপনার বিরুদ্ধে প্রমাণিত অভিযোগসমূহের জন্য বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর ৩৯(১) (খ) প্রবিধি মোতাবেক আপনাকে গুরু দণ্ডে দণ্ডিত করিবার প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করতঃ উক্ত প্রবিধি মোতাবেক কেন আপনাকে গুরু দণ্ডে দণ্ডিত করা হইবে না-এইমর্যে অত্র বিভাগের ০১.০১.২০১৮ ইং তারিখের প্রকাঃ এইচআরএমডিঃ৩ঃ১ঃ৩২৬৪/ ২০১৪-২০১৫/ ২২৯৬ নম্বর কর্মী সংক্রান্ত ঘোষণা মূলে চূড়ান্ত কারণ দর্শনো মোটিশ জারী করা হইয়াছিল;

০৪। যেহেতু আপনি জনাব মোঃ আঃ রাজ্জাক প্রাথমিকভাবে প্রস্তুতি শাস্তি আরোপের জন্য আপনাকে প্রদত্ত অত্র বিভাগের ০১.০১.২০১৮ ইং তারিখের চূড়ান্ত কারণ দর্শনো মোটিশের জবাব দাখিল করেন। অতঃপর কর্তৃপক্ষ সার্বিক বিষয়াদি বিচার বিশ্লেষণ করিয়া আপনি জনাব মোঃ আঃ রাজ্জাক আপনাকে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, অদক্ষতা ও দুর্নীতিমূলক অপরাধের দায়ে দোষী সাব্যস্ত করতঃ গুরু দণ্ড তথা চাকুরী হইতে বরখাস্ত করার চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করেন;

০৫। সেহেতু কর্তৃপক্ষ বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর ৩৯ (১) (খ) (উ) প্রবিধি মোতাবেক আপনি জনাব মোঃ আঃ রাজ্জাক আপনাকে ব্যাংকের চাকুরী হইতে বরখাস্তের আদেশ দিলেন।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আদেশক্রমে-

স্থায়ী ঠিকানা :-

জনাব মোঃ আঃ রাজ্জাক (আর-৯৮৬)

জনাব মোঃ আঃ রাজ্জাক (আর-৯৮৬)

কর্মকর্তা (বরখাস্তকৃত)

পিতাঃ আবাল হোসেন

বাংলাদেশ কৃষি ব্যাংক

গ্রাম-মাইজবাগ পাঠঁপাড়া

তাড়াইল শাখা

ডাকঘর-গোসাই চান্দুরা

কিশোরগঞ্জ।

থানা- ইশ্বরগঞ্জ, জেলা: ময়মনসিংহ

স্বাক্ষরিত

(মোঃ মোশাররফ হোসেন)

উপ-মহাব্যবস্থাপক

নং-প্রকাঃ এইচআরএমডিঃ৩ঃ১ঃ৩২৬৪ (২০১৪-২০১৫) / ২০১৭-১৮ / ৪৩৩৪ (৮)

তারিখঃ ২৮-০৬-২০১৮ ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল :

০১। চৌফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর- ১/২/৩, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন) মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক, বিকেবি, বিভাগীয় কার্যালয়, ময়মনসিংহ। আরোপিত শাস্তি সংশ্লিষ্ট কর্মকর্তার চাকুরী বহিতে লিপিবদ্ধ করিয়া কর্মী সংক্রান্ত ঘোষনাটি ব্যক্তিগত নথিতে সংরক্ষনের জন্য অনুরোধ করা হইল।

০৫। উপ-মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১/ ৪/ কেন্দ্রীয় হিসাব বিভাগ-২, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। কর্মী সংক্রান্ত ঘোষনাটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হইল।

০৭। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, ময়মনসিংহ।

০৮। মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, কিশোরগঞ্জ।

০৯। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, কিশোরগঞ্জ।

১০। ব্যবস্থাপক, বিকেবি, তাড়াইল শাখা, কিশোরগঞ্জ। এতদসংগে প্রেরিত মূল কর্মী সংক্রান্ত ঘোষনাটি জনাব মোঃ আঃ রাজ্জাক এর নিকট প্রাপ্তি দ্বীকার রশিদ মারফত হস্তান্তর করতঃ রশিদটি অত্র বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হইল।

১১। ব্যবস্থাপক, বিকেবি, মাইজবাগ বাজার শাখা, ময়মনসিংহ (উঃ)।

১২। নথি/ মহানথি / মূলনথি।

26/০৬/২০১৮
(মোঃ আব্দুর রউফ)
সহকারী মহাব্যবস্থাপ